ঝিনাইদহে কৃষি বিষয়ক পরামর্শ ও প্রশিক্ষণ অনুষ্ঠিত

ফসলের ক্ষেতে কীটনাশকের প্রয়োগ বিধি, ব্যবস্থাপনা ও কৃষকের স্বাস্থ্য সচেতনতা বিষয়ে ঝিনাইদহে কৃষি বিষয়ক পরামর্শ ও প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকালে হরিণাকুন্ডু উপজেলার কায়েতপাড়া বাওড়ে এ প্রশিক্ষণের আয়োজন করে গোল্ডেন এগ্রোভেট লিমিটেড।

কায়েতপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহির রায়হান’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টী চন্দ্র রায়। প্রধান বক্তা ছিলেন গোল্ডেন এগ্রোভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জাহিদ হাসান।

বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশিক্ষণ অফিসার মোশাররফ হোসেন, হরিণাকুন্ডুর অতিরিক্ত কৃষি অফিসার জি এম বদরুল হাসান, চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা উদয় রহমান, গোল্ডেন এগ্রোভেট লিমিটেডের পরিচালক মুক্তার হোসেন।

সেসময় বক্তারা, ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে কীটনাশকের ব্যবহার বিধি ও কৃষকের স্বাস্থ্য সচেতনা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করেন। গোল্ডেন এগ্রোভেট লিমিটেডের আয়োজনে এ প্রশিক্ষণ কর্মশালায় ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা শতাধিক কৃষক, ব্যবসায়ীসহ স্থানীয়রা অংশ নেয়। প্রশিক্ষণ থেকে ওই এলাকার দুস্থ ও অসহায় পরিবারের মাঝে কম্বল বিতরণ করা হয়।

ঝিনাইদহে মাশরুম চাষীদের

প্রশিক্ষণ অনুষ্ঠিত

ঝিনাইদহে আশার উদ্যোগে জেলার ৩০ জন মাশরুম চাষীদের নিয়ে দিন ব্যপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২২ অক্টোবর) শহরের এইড কমপ্লেক্সের কনফারেন্স রুমে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলার আশা’র সিনিয়র ডিষ্ট্রিক্ট ম্যানেজার হাফিজুর রহমানের সভাপতিত্বে প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায় ও পার্বত্য জেলার রাংগামাটি কৃষি অফিসার খায়রুল বাশার টিপু।

সেসময় উপস্থিত ছিলেন আশা’র সদর-১ ব্রাঞ্চ’র বিএম আবু সামা, (টিও) এগ্রি কিলোন চন্দ্র রায়সহ অন্যন্যারা। এছাড়াও আশা’র কারিগরি ও সহজ শর্তে ঋণ সুবিধা নিয়ে ঝিনাইদহ জেলায় যে কেউ মাশরুম চাষ করতে পারবেন।

উল্লেখ্য, প্রশিক্ষণ শেষে ৩০ জন প্রশিক্ষণার্থীকে ৩ পিচ করে মাশরুমের বাণিজিক সম্মননা প্রদাণ দেয়া হয়।

জীবননগরে মৎস্য চাষ ও গবাদি পশু পালনের প্রশিক্ষণ অনুষ্ঠিত

জীবননগরে কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক মৎস্য চাষ ও গবাদি পশু ও হাঁস মুরগি পালনের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে, আজ বুধবার সকাল ১০ টার সময় জীবননগর উপজেলা পরিষদ সভাপক্ষে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ মহাব্যবস্থাপক কুষ্টিয়া অঞ্চল পলাশ চক্রবর্তী, প্রশিক্ষণ প্রদান করেন উপজেলা সিনিয়র

মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম, প্রশিক্ষণ অনুষ্ঠানটির সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা ব্যবস্থাপক শেখ হারুন-অর রশিদ।

মেহেরপুরে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক প্রশিক্ষণ অনুষ্ঠিত

খাদ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতীয় খাদ্য তালিকা নির্দেশিকা ২০২০ এর উপর প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

আজ সোমবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক মো: শামীম হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাদ্য মন্ত্রণালয়ের (অ্যাড. সেক্রেটারি) ফুড প্ল্যানিং অ্যান্ড মনিটরিং ইউনিটের (এফপিএমইউ) মহাপরিচালক মোঃ শহিদুল আলম এনডিসি।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার পুলিশ সুপার এস এম নাজমুল হক বিপিএম বার পিপিএম, মেহেরপুর জেলার সিভিল সার্জন ডাঃ মহী উদ্দীন আহমেদ, খাদ্য মন্ত্রণালয়ের গবেষণা পরিচালক মোস্তফা ফারুক, গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক সহ বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

খাদ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতীয় খাদ্য তালিকা নির্দেশিকা ২০২০ এর উপর প্রশিক্ষণের সঞ্চালনা করেন সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (জে এম শাখা, ত্রাণ ও পুনর্বাসন শাখা ) মোছা: রনী খাতুন।

গাংনীতে মৎস্যচাষ ব্যবস্থাপনার প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় দুই দিনব্যাপি উন্নত ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান ও গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার কর্মকর্তাবৃন্দ ও মৎস্য চাষীসহ মাছ চাষে সফল খামারি।

এ সময় মাছ চাষ ব্যবস্থাপনা, গুণগত মানসম্পন্ন মাছের বৈশিষ্ট্য, মাছ চাষে সরকারের নানা পদক্ষেপ ও সফলতা, দেশী মাছ চাষের গুরুত্ব, উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, পুকুর ব্যবস্থাপনা ও মজুদকালীন ব্যবস্থাপনা, পুকুর পাড়ে চাষযোগ্য সবজি ও এর উপকারিতা নিয়ে আলোচনা, প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ ও প্রতিকার, সমন্বিত মাছ চাষের উপকারিতাসহ চাষ সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।